

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, নভেম্বর ২৬, ২০২২

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২২ নভেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ/ ০৭ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ

নং ১৭.০০.০০০০.০৮৫.৮১.০০৩.২২-১৬৪।—“স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০” এর বিধি ৮৬তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুন্নীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০৯ নভেম্বর, ২০২২ খ্রিঃ তারিখে-১০.০০.০০০০.১২৫.৯৯.০০৫.২২.৭৩৯ নং স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত বিধিমালার বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপ-বিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন শাস্তিযোগ্য নির্বাচন অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেয়া এবং তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার সম্পর্কের নিমিত্ত নিম্ন তফসিলের ৪নং কলামে বর্ণিত ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে ৫নং কলামে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ০৮ (আট) জন কর্মকর্তা-কে ভোটগ্রহণের পূর্বের দু’দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দু’দিন অর্থাৎ ২৬ নভেম্বর, ২০২২ খ্রিঃ হতে ৩০ নভেম্বর, ২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ৫(পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করলো:

“তফসিল”

ক্রম	জেলার নাম	উপজেলার নাম	ইউনিয়নের নাম	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
১	২	৩	৪	৫
১.	চাঁদপুর	হাইমচর	চরভৈরবী	জনাব মোঃ কামাল হোসাইন সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চাঁদপুর

(১৮৩৪৩)

মূল্য : টাকা ৮.০০

১	২	৩	৪	৫
২.	চাঁদপুর	ফরিদগঞ্জ	পাইকপাড়া দক্ষিণ	জনাব মুহাম্মদ বেলাল জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চাঁদপুর
৩.	ভোলা	চরফ্যাশন	আসলামপুর	জনাব মোঃ আলী হায়দার জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ভোলা
৪.			ওমরপুর	
৫.	কুমিল্লা	সদর দক্ষিণ	জোড়কানন পূর্ব	জনাব চন্দন কাষ্টি নাথ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুমিল্লা
৬.			জোড়কানন পশ্চিম	
৭.			বারপাড়া	জনাব মোঃ মাজহারুল হক সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুমিল্লা
৮.			চৌয়ারা	
৯.			বিজয়পুর	বেগম ফারহানা সুলতানা জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুমিল্লা
১০.	গাইবান্ধা	সাদুল্লাপুর	বনগ্রাম	জনাব কাফি আল আজাদ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা
১১.			জামালপুর	
১২.			কামারপাড়া	জনাব মোঃ মেহেদী হাসান জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকলকে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোনো নির্বাচনি অপরাধ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব(আইন) এর web mail address (ds\_law@ecs.gov.bd) এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

জেলার নাম:.....

ইউনিয়ন পরিষদের নাম:.....

ক্রম	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর	অভিযোগকারীর নাম ও ঠিকানা	যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা	অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ	অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ
১	২	৩	৪	৫	৬

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-কে অনুরোধ করা হলো।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ১ (এক) জন বেঞ্চ সহকারী/ স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপারকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/ চেনোগাফার/অফিস সহকারী বিধি মোতাবেক ঘাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আব্দুল্লাহ  
উপ সচিব (আইন)।